



জেলা শিল্পকলা একাডেমি, কুষ্টিয়া।

৩৪, স্যার সৈয়দ আহমেদ রোড, থানাপাড়া, কুষ্টিয়া

স্মারক নং- জেশিএ(কুষ্)/২০২১/১৯৬৮(১৫)

তারিখ : ২৪/১১/২০২১খ্রি.

“বিজ্ঞপ্তি”

বিষয় : মিতসুবিশি এশীয় শিশুদের সচিত্র দিনলিপি (এনিক্কি ফেস্টা) অংকন প্রতিযোগিতা ২০২১-২০২২ আয়োজন প্রসঙ্গে।

বিগত ১৯৯০ সাল থেকে এশীয় দেশসমূহের শিশুদের আঁকা চিত্রকর্ম জাপানের দর্শকদের কাছে উপস্থাপন করার উদ্দেশ্যে মিতসুবিশি পাবলিক এফেয়ার্স কমিটি, এশিয়ান প্যাসিফিক ফেডারেশন অব ইউনেস্কো ক্লাবস্ এন্ড এসোসিয়েশন এবং ন্যাশনাল ফেডারেশন অব ইউনেস্কো এসোসিয়েশন ইন জাপান এর উদ্যোগে জাপানে অনুষ্ঠিত মিতসুবিশি এশীয় শিশুদের সচিত্র দিনলিপি (এনিক্কি ফেস্টা) চিত্রকলা প্রতিযোগিতা আয়োজিত হয়ে আসছে। ইতোমধ্যে ১২টি প্রতিযোগিতা আয়োজিত হয়েছে। বিগত প্রতিযোগিতাগুলোর সাফল্যের আলোকে এবার ২০২১-২০২২ বর্ষে ১৩তম মিতসুবিশি এশীয় শিশুদের সচিত্র দিনলিপি (এনিক্কি ফেস্টা) অংকন প্রতিযোগিতা আয়োজনের কর্মসূচি নেয়া হয়েছে। প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে আগ্রহী প্রতিযোগীদের নিম্নস্বাক্ষরকারীর দপ্তর থেকে নির্ধারিত ফরমসহ কার্টিজ পেপার সংগ্রহের জন্য অনুরোধ জানাচ্ছি।

প্রতিযোগিতার নিয়মাবলী ও তথ্য :

ক. ৬ থেকে ১২ বৎসর বয়স পর্যন্ত শিশুরা এই চিত্রকলা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

খ. একজন অংশগ্রহণকারী শিশুকে মোট ৫টি ছবি আঁকতে হবে। ২৯৭ x ২১০ মি.মি. সাইজের কাগজের উপরের দিকের দুই তৃতীয়াংশে ছবি আঁকতে হবে এবং নীচের দিকের অবশিষ্ট অংশে ছবি সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা লিখতে হবে। ৫টি ছবির ১ (এক) সেটের নাম দেওয়া হয়েছে সচিত্র দিনলিপি (এনিক্কি ফেস্টা)।

গ. ছবির বিষয় হবে ‘এই আমার জীবন’। একজন শিশুকে তার প্রাত্যাহিক জীবন, পরিবার, খাদ্যাভাস, স্বাস্থ্য, উৎসব, স্কুল, কাজ, খেলাধুলা, চিত্তবিনোদন, সঙ্গীত, শিল্পকলা ইত্যাদি বিষয়ের উপর ছবি আঁকতে হবে।

ঘ. প্রত্যেক অংশগ্রহণকারীকে ছবির সঙ্গে নির্দিষ্ট এন্টিফর্ম পূরণ করে ফর্মটি শিক্ষা প্রতিষ্ঠান/সংগঠনের প্রধানকে দিয়ে স্বাক্ষর করিয়ে জন্মানিবন্ধন সনদের ফটোকপি ও এক কপি পাসপোর্ট সাইজের ফটোসহ জমা দিতে হবে।

ঙ. ছবি আঁকার কাগজ (প্রতি সেটে ৫ কপি ছবি আঁকার কাগজ, ১ কপি এন্টিফর্ম ও ১ কপি নীতিমালা) জেলা শিল্পকলা একাডেমি, কুষ্টিয়ার অস্থায়ী কার্যালয় হতে ১২ ডিসেম্বর, ২০২১ পর্যন্ত সরবরাহ করা হবে এবং ১৫ ডিসেম্বর, ২০২১ এর মধ্যে অত্র কার্যালয়ে ছবি জমা দিতে হবে।

চ. ২০২২ সালের অক্টোবর মাসের ২য় সপ্তাহে ঢাকায় বাংলাদেশ শিল্পকলা একাডেমির চারুকলা বিভাগের গ্যালারীতে বাংলাদেশের অংশগ্রহণকারী শিশুদের নির্বাচিত চিত্রকর্মসমূহের দশ দিনব্যাপী বিশেষ প্রদর্শনী অনুষ্ঠিত হবে। বাংলাদেশ থেকে ৮ জন নির্বাচিত শিশু শিল্পীর ছবি মূল প্রতিযোগিতার জন্য জাপানে প্রেরণ করা হবে।

ছ. প্রাথমিকভাবে নির্বাচিত ৮ জনের ভেতর থেকে একজনকে শ্রেষ্ঠ পুরস্কার (Grand Prix) প্রদান করা হবে। পুরস্কার প্রাপ্ত অবশিষ্ট ৭ জনকে পদক ও সার্টিফিকেট প্রদান করা হবে। শ্রেষ্ঠ পুরস্কার প্রাপ্ত একজন শিশু শিল্পীকে অভিভাবকসহ জাপান ভ্রমণে আমন্ত্রণ জানানো হবে।

২৪/১১/২০২১

(মোঃ সুজন রহমান)

জেলা কালচারাল অফিসার

জেলা শিল্পকলা একাডেমি

কুষ্টিয়া।